পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পসব্য/প্রকা/প্রশা-১(১৫)/২০২২-২৩/ ১৪৮৬ তারিখঃ ১২/০৬/২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী সঞ্চয় ব্যাংকে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নামের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্য | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|
| অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেলঃ ৮২৫০-২০০১০/- এবং তৎসহ নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধা। | ৪৯২ (চারশত বিরানব্বই) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | সকল জেলা |
| নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>বেতনস্কেলঃ ৮২৫০-২০০১০/- এবং তৎসহ নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধা। | ৭২ (বাহাত্তর) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) সুঠাম দেহের অধিকারী হতে হবে। | হবিগঞ্জ, বগুড়া, সিলেট, ঠাকুরগাঁও, চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, মাদারীপুর, সাতক্ষীরা, ঝিনাইদহ, খুলনা, রাজশাহী, নীলফামারী ,চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নরসিংদী ,মুন্সীগঞ্জ, যশোর, লক্ষ্মীপুর, পাবনা, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, গাইবান্ধা, কুষ্টিয়া, জামালপুর, সিরাজগঞ্জ, রংপুর, নোয়াখালী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, গাজীপুর, চট্টগ্রাম এবং ঢাকা জেলা।<br>তবে সকল জেলার যোগ্য এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী :**

১. আগ্রহী প্রার্থীদেরকে ২০/০৬/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১৫/০৭/২০২৩ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র http://psb.teletalk.com.bd ওয়েবসাইটে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

২. বয়স সীমা (১৫ জুলাই, ২০২৩ অনুযায়ী):
   ক. আবেদনকারী প্রার্থীগণের বয়সসীমা ১৮-৩০ বছর;
   খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;
   গ. বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
   ঘ. তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধিবিধান, নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত এক সেট সনদপত্র দাখিল করতে হবে। স্থায়ী ঠিকানার প্রমাণক হিসেবে স্থানীয় কর্তৃপক্ষের (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা, শারীরিক প্রতিবন্ধী, এতিমখানা নিবাসী, উপজাতি, আনসার-ভিডিপি ইত্যাদি কোটায় আবেদনকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সরকারী নির্দেশনা অনুযায়ী প্রমাণপত্র দাখিল করতে হবে।

৬. চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। মৌখিক পরীক্ষার সময় ৫ নম্বর ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে।

৭. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৮. পল্লী সঞ্চয় ব্যাংকের ওয়েবসাইট http://www.pallisanchaybank.gov.bd ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট http://psb.teletalk.com.bd **এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী পাওয়া যাবে।**

**নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

**মোঃ আলা উদ্দিন**
মহাব্যবস্থাপক ( চলতি দায়িত্ব)
পল্লী সঞ্চয় ব্যাংক
ও
সদস্য সচিব, বাছাই কমিটি

পল্লী সঞ্চয় ব্যাংক
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী**

ক. প্রার্থীগণ http://psb.teletalk.com.bd এই ওয়েবসাইটে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে আগ্রহী পদে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৫ /০৭/২০২৩ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা । উক্ত সময় সীমার মধ্যে আবেদনকৃত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে টেলিটকের এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। **পরীক্ষার ফি ১০০ টাকা।**

খ. প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে তাই আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজেই শতভাগ নিশ্চিত করবেন।

ঘ. প্রার্থী পূরণকৃত আবেদনপত্রের কপি প্রিন্ট কপি আকারে পরবর্তী পরীক্ষা সংক্রান্ত কাজে সহায়ক হিসেবে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application. Preview দেখা যাবে । নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ **টাকা ১০০/- (একশত টাকা মাত্র)** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।**

প্রথম SMS: PSB <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে
Example: PSB ABCDEF
Reply: Applicant's Name, TK 100/- will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee Type PSB <Space> Yes <Space> PIN and send to 16222.
দ্বিতীয় SMS: PSB <space> YES < space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PSB YES XXXXXXXX
Reply: Congratulations Application's Name, payment completed successfully for PSB Application for xxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://psb.teletalk.com.bd অথবা PSB এর ওয়েবসাইট www.pallisanchaybank.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুরসণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে PSB<space>help<space>User<space>User ID & send to 16222
Example: PSB HELP USER ABCDEF
II. PIN Number জানা থাকলে PSB<space>help<space>PIN<space>PIN Number & send to 16222
Example: PSB HELP PIN 12345678

ঝ. আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল অথবা টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করা যাবে।

**নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

**মোঃ আলা উদ্দিন**
মহাব্যবস্থাপক ( চলতি দায়িত্ব)
পল্লী সঞ্চয় ব্যাংক
ও
সদস্য সচিব, বাছাই কমিটি